রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, অক্টোবর ৪, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কৃষি মন্ত্রণালয়**

**কৃষি বিপণন অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/০২ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ২৮৭-আইন/২০১৮।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা কৃষি বিপণন অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"কর্মচারী"** অর্থ তপশিলে উল্লিখিত কোনো পদে কর্মরত কোনো ব্যক্তি;

(খ) **"কমিশন"** অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(গ) **"তপশিল"** অর্থ এই বিধিমালার তপশিল ১, ২, ৩ ও ৪;

(ঘ) **"নিয়োগকারী কর্তৃপক্ষ"** অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;

(ঙ) **"পদ"** অর্থ তপশিলে উল্লিখিত কোনো পদ;

(চ) **"প্রয়োজনীয় যোগ্যতা"** অর্থ সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত প্রয়োজনীয় যোগ্যতা;



**মূল্য ঃ** টাকা ২৪.০০

(ছ) **"শিক্ষানবিশ"** অর্থ কোনো স্থায়ী শূন্য পদের বিপরীতে শিক্ষানবিশ হিসাবে নিয়োগপ্রাপ্ত কোনো ব্যক্তি;

(জ) **"সিজিপিএ"** অর্থ Cumulative Grade Point Average (CGPA);

(ঝ) **"স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" বা "স্বীকৃত ইনস্টিটিউট" বা স্বীকৃত বোর্ড"** অর্থ আপাততঃ বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান বা ইনস্টিটিউট বা শিক্ষা বোর্ডকে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান, ইনস্টিটিউট বা শিক্ষা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—(১) তপশিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোনো শূন্য পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে এবং, সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তপশিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকেন এবং স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বিভাগীয় কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ১৩-১৬ গ্রেডের পদ ইহতে ১০-১২ গ্রেডের কোনো পদে এবং ১০-১২ গ্রেডের পদ হইতে ৯ম গ্রেডের পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোনো ব্যক্তির চাকরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশ।**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য,

নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ এক বা একাধিকবার এইরূপে বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল, সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন এবং সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করেন:

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মচারীকে তপশিলে বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

৭। **বিশেষ বিধান**।—(১) তপশিলের ক্রমিক নং ৩, ১৩, ১৫, ১৮, ২০, ২৩, ২৮, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৬, ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৫১, ৫২ ও ৫৩ এ উল্লিখিত যথাক্রমে "আঞ্চলিক ব্যবস্থাপক", "প্রশিক্ষক", "মাঠ কর্মকর্তা", "বাজার কর্মকর্তা/শহর বাজার কর্মকর্তা", "প্রধান সহকারী", "স্টোরেজ মোটিভেটর", "উচ্চমান সহকারী(বিভাগীয় কার্যালয়)", "বাজার অনুসন্ধানকারী", "মাঠ জরিপকারী", "গ্রেডার ইনচার্জ", "সহকারী প্রশিক্ষক", "হিসাব সহকারী", "মেকানিক", "এক্সপার্ট কিউরার", "উলপ্রপাগান্ডা অফিসার", "ফ্লেয়ার", "এক্সপার্ট শিয়ারার", "ফটোকপি অপারেটর", "গ্রেডার রেকর্ডার", "প্রধান ডিম পরীক্ষক", "শিয়ারিং এ্যাটেনডেন্ট", "বুচার", "ডিম পরিক্ষক", পদে কর্মরত কর্মচারীগণ যতদিন উক্ত পদসমূহে কর্মরত থাকিবেন ততদিন পর্যন্ত তাহারা সংশ্লিষ্ট ঊর্ধ্বতন পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা পূরণ সাপেক্ষে প্রদোন্নতিপ্রাপ্ত হইবেন এবং উক্ত কর্মচারীদের পদোন্নতি, অবসর, মৃত্যু অথবা অন্য কোনো কারণে উক্ত পদসমূহ শূন্য হইলে কৃষি মন্ত্রণালয়ের ১ অক্টোবর, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের স্মারক নং ১২.০০.০০০০.০৭২.৩৫.০০১.১২(অংশ)-৪০৪ এর শর্ত মোতাবেক উক্ত পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হইবে এবং নূতন করিয়া উক্ত পদসমূহে কোনো নিয়োগ প্রদান করা যাইবে না।

(২) এই বিধিমালা প্রবর্তনের তারিখে স্থায়ীভাবে নিয়োগকৃত তপশিলের—

(ক) ক্রমিক নং ৪৮ ও ৫৪ এ উল্লিখিত যথাক্রমে "কেয়ার টেকার কাম কুক" ও "নিরাপত্তা প্রহরী" পদে কর্মরত কর্মচারীদের অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে উক্ত পদসমূহ শূন্য হইলে উক্ত শূন্য পদসমূহ উহাদের বিপরীতে উল্লিখিত নিয়োগ পদ্ধতি অনুসারে পূরণ করা হইবে; এবং

(খ) ক্রমিক নং ৪৯ ও ৫০ এ উল্লিখিত "দপ্তরী" ও "অফিস সহায়ক" পদে কর্মরত কর্মচারীগণ যতদিন উক্ত পদে কর্মরত থাকিবেন ততদিন পর্যন্ত তাহারা সংশ্লিষ্ট ঊর্ধ্বতন পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা পূরণ সাপেক্ষে পদোন্নতিপ্রাপ্ত হইবেন এবং পদোন্নতি, অবসর, মৃত্যু বা অন্য কোনো কারণে উক্ত পদসমূহ শূন্য হইলে উক্ত শূন্য পদসমূহ উহাদের বিপরীতে উল্লিখিত নিয়োগ পদ্ধতি অনুসারে পূরণ করা হইবে।

(৩) কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) Officers (Agricultural Marketing Directorate) Recruitment Rules, 1984 এবং Non-gazetted officers and staff (Agricultural Marketing Directorate) Recruitment Rules, 1984, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Rules এর অধীন—

(ক) নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগকৃত ও পদোন্নতিপ্রাপ্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) গৃহীত বা কৃত কার্যক্রম এই বিধিমালার অধীন গৃহীত বা কৃত বলিয়া গণ্য হইবে।

(৩) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত Rules এর অধীন গৃহীত কোনো কার্য বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উক্ত কার্য বা কার্যধারা, সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তপশিল-১**

[বিধি ২(গ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | উপপরিচালক (গ্রেড-৫) | - | পদোন্নতির মাধ্যমে | আঞ্চলিক ব্যবস্থাপক পদে অন্যূন ৩(তিন) বৎসরসহ ৯ম বা তদুর্ধ্ব গ্রেডের পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি অথবা সহকারী পরিচালক বা সহকারী পরিচালক (প্রশিক্ষণ) বা হিসাবরক্ষণ কর্মকর্তা (গ্রেড-৯) বা পুষ্টি উন্নয়ন কর্মকর্তা পদে অন্যূন ১৫ (পনের) বৎসরের চাকরি। |
| ২। | প্রোগ্রামার (গ্রেড-৬) | ৩৫ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :** সহকারী প্রোগ্রামার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিসহ কোনো প্রতিষ্ঠানে সহকারী প্রোগ্রামার, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, সহকারী সিস্টেম এনালিস্ট, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর, সহকারী ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর পদ বা সংশ্লিষ্ট কাজে ৪(চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; অথবা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | (খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিসহ কোনো প্রতিষ্ঠানে সহকারী প্রোগ্রামার, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, সহকারী সিস্টেম এনালিস্ট, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী ডাটাবেজ এ্যামিনিস্ট্রেটর, সহকারী ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর পদ বা সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরে বাস্তব অভিজ্ঞতা। |
| ৩। | আঞ্চলিক ব্যবস্থাপক (গ্রেড-৭) | বিধি ৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ৪। | সহকারী পরিচালক (গ্রেড-৯) | ৩০ বৎসর | (ক) ২০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সহকারী কৃষি বিপণন কর্মকর্তা বা সহকারী প্রশিক্ষণ কর্মকর্তা বা প্রশিক্ষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা মাঠ কর্তকর্তা বা প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদের কোনো বিষয় বা অর্থনীতি বা পরিসংখ্যান বা কৃষি অর্থনীতি বা কৃষি বাজারজাতকরণ বা ব্যবসা প্রশাসন বা কৃষি বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>**(খ)** কম্পিউটার চালনায় দক্ষতা |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫। | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) (গ্রেড-৯) | ৩০ বৎসর | (ক) ২০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>সহকারী কৃষি বিপণন কর্মকর্তা বা সহকারী প্রশিক্ষণ কর্মকর্তা বা প্রশিক্ষক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা মাঠ কর্মকর্তা বা প্রশাসনিক কর্মকর্তা পদে অন্যূন ৭(সাত) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদের কোনো বিষয় বা অর্থনীতি বা পরিসংখ্যান বা কৃষি অর্থনীতি বা কৃষি বাজারজাতকরণ বা ব্যবসা প্রশাসন বা কৃষি বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>**(খ)** কম্পিউটার চালনায় দক্ষতা |
| ৬। | হিসাবরক্ষণ কর্মকর্তা (গ্রেড-৯) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>অডিট এন্ড বাজেট অফিসার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদের কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতোকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭। | সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) উপ-সহকারী প্রকৌশলী (হার্ডওয়্যার, সফটওয়্যার ও নেটওয়ার্ক) পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা কম্পিউটার অপারেটর পদে অন্যূন ১২ (বার) বৎসরের চাকরি;<br>(খ) কম্পিউটার প্রোগ্রামিং স্ট্যান্ডার্ড এ্যাপটিচুড টেস্টে উত্তীর্ণ; এবং<br>(গ) Structured Programming বা Object Oriented Programming Language এ প্রশিক্ষণ এবং দক্ষতা।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা তথ্য ও যোগাযোগ প্রযুক্ত (আইসিটি) সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার প্রোগ্রামিং স্ট্যডার্ড এ্যাটিচুড টেস্টে উত্তীর্ণ। |
| ৮। | পুষ্টি উন্নয়ন কর্মকর্তা (গ্রেড-৯) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পুষ্টি বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ৯। | অডিট এন্ড বাজেট অফিসার (গ্রেড-১০) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>হিসাব রক্ষণ কর্মকর্তা (গ্রেড-১২) পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদের কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১০। | উপ-সহকারী প্রকৌশলী (হার্ডওয়্যার), সফটওয়্যার ও নেটওয়ার্ক) (গ্রেড-১০) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগর মাধ্যমে | কোনো স্বীকৃত বোর্ড হইতে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ডিপ্লোমাসহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১১। | সহকারী কৃষি বিপণন কর্মকর্তা (গ্রেড-১০) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে</u>**<br>মাঠ ও বাজার পরিদর্শক বা বাজার কর্মকর্তা/শহর বাজার কর্মকর্তা পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদের কোনো বিষয় বা কৃষি বিপণন বা কৃষি ব্যবসা বা অর্থনীতি বা কৃষি অর্থণীতি বা ব্যবসা প্রশাসন বা পরিসংখ্যানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সন্মান) ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ১২। | সহকারী প্রশিক্ষণ কর্মকর্তা ( গ্রেড-১০) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | **<u>পদোন্নতির ক্ষেত্রে</u>**<br>মাঠ ও বাজার পরিদর্শক বা বাজার কর্মকর্তা/শহর বাজার কর্মকর্তা পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u>**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদের কোনো বিষয় বা কৃষি বিপণন বা কৃষি ব্যবসা বা অর্থনীতি বা কৃষি অর্থণীতি বা ব্যবসা প্রশাসন বা পরিসংখ্যানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সন্মান) ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ১৩। | প্রশিকক্ষক ( গ্রেড-১০) | বিধি ৭(১) প্রযোজ্য হইবে। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৪। | লাইব্রেরীয়ান ( গ্রেড-১০) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সন্মান) অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ১৫। | মাঠ কর্মকর্তা ( গ্রেড-১১) | বিধি ৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ১৬। | প্রশাসনিক কর্মকর্তা (গ্রেড-১১) | .. | পদোন্নতির মাধ্যমে | প্রধান সহকারী বা সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর বা কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৫(পাঁচ) বৎসর অথবা সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর বা উচ্চমান সহকারী (গ্রেড-১৪) পদে অন্যূন ৭ (সাত) বৎসরের চাকরি। |
| ১৭। | মাঠ ও বাজার পরিদর্শক (গ্রেড-১২) | ৩০ বৎসর | (ক) ৫০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৫০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে | <u>**পদোন্নতির ক্ষেত্রেঃ :**</u><br>বাজার অনুসন্ধানকারী বা গ্রেডার ইনচার্জ পদে অন্যূন ৬ (ছয়) বৎসর অথবা স্টোরকিপার বা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরি।<br><u>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**</u><br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে কৃষিতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(গ) তপশিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৮। | বাজার কর্মকর্তা/শহর বাজার কর্মকর্তা ( গ্রেড-১২) | বিধি ৭(১) প্রযোজ্য হইবে। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৯ | হিসাবরক্ষণ কর্মকর্তা ( গ্রেড-১২) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>হিসাবরক্ষক (গ্রেড-১৩) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(খ) তপশিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২০ | প্রধান সহকারী ( গ্রেড-১৩) | বিধি ৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ২১। | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর ( গ্রেড-১৩ ) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) তপশিল-২(ক) ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২২। | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার অ্যাপটিচুড টেস্টে উত্তীর্ণ; এবং<br>(গ) তপশিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৩। | স্টোরেজ মোটিভেটর (গ্রেড-১৩) | বিধি ৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ২৪। | হিসাব রক্ষক ( গ্রেড-১৩) | .. | পদোন্নতির মাধ্যমে | হিসাব রক্ষক ( গ্রেড-১৪) পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ২৫। | হিসাব রক্ষক ( গ্রেড-১৪) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>হিসাব সহকারী বা ক্যাশিয়ার পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরি। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | | | | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(খ) তপশিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৬। | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) তপশিল-২ (ক) ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৭। | উচ্চমান সহকারী (প্রধান কার্যালয়) (গ্রেড-১৪) | .. | পদোন্নতির মাধ্যমে | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরিসহ কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |
| ২৮। | উচ্চমান সহকারী (বিভাগীয় কার্যালয়) (গ্রেড-১৫) | বিধি-৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ২৯। | বাজার অনুসন্ধানকারী (গ্রেড-১৫) | বিধি-৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ৩০। | মাঠ জরিপকারী (গ্রেড-১৫) | বিধি-৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ৩১। | গ্রেডার ইনচার্জ (গ্রেড-১৫) | বিধি-৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ৩২। | সহকারী প্রশিক্ষক (গ্রেড-১৫) | বিধি-৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ৩৩। | হিসাব সহকারী (গ্রেড-১৬) | বিধি-৭(১) প্রযোজ্য হইবে। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৪। | স্টোর কিপার (গ্রেড-১৬) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা;<br>(খ) তপশিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৫। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) | ৩০ বৎসর | (ক) ৩০% পদ পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) ৭০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **<u>পদোন্নতির ক্ষেত্রে :</u>**<br>(ক) ফটোকপি অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা দপ্তরী (গ্রেড-১৯) পদে ৬ (ছয়) বৎসর অথবা অফিস সহায়ক (গ্রেড-২০) পদে ৮ (আট) বৎসরের চাকরি;<br>(খ) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ও ইংরেজিতে ২০ শব্দের গতি।<br>**<u>সরাসরি নিয়োগের ক্ষেত্রে :</u>**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) তপশিল-২ (খ) ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৬। | মেকানিক (গ্রেড-১৬) | বিধি-৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ৩৭। | ক্যাশিয়ার (গ্রেড-১৬) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ কম্পিউটার চালনায় দক্ষতা; এবং<br>(খ) তপশিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৮। | গাড়ী চালক (ভারী) (গ্রেড-১৫) | ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ ভারি যানবাহন চালনায় পারদর্শী; এবং<br>(গ) তপশিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৯। | গাড়ী চালক (হালকা) (গ্রেড-১৬) | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ হালকা যানবাহন চালনায় পারদর্শী; এবং<br>(গ) তপশিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪০। | এক্সপার্ট কিউরার (গ্রেড-১৬) | বিধি-৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ৪১। | উলপ্রপাগান্ডা অফিসার (গ্রেড-১৬) | বিধি-৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ৪২। | ফ্লেয়ার (গ্রেড-১৮) | বিধি-৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ৪৩। | এক্সপার্ট শিয়ারার (গ্রেড-১৮) | বিধি-৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ৪৪। | ফটোকপি অপারেটর (গ্রেড-১৮) | বিধি-৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ৪৫। | গ্রেডার রেকর্ডার (গ্রেড-১৯) | বিধি-৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ৪৬। | প্রধান ডিম পরীক্ষক (গ্রেড-১৯) | বিধি-৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ৪৭। | ম্যাসেঞ্জার (গ্রেড-১৯) | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা", ২০০৮ অনুযায়ী। | | |
| ৪৮। | কেয়ার টেকার কাম কুক (গ্রেড-১৯) | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা", ২০০৮ অনুযায়ী। | | |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৯। | দপ্তরী (গ্রেড-১৯) | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা", ২০০৮ অনুযায়ী। | | |
| ৫০। | অফিস সহায়ক (গ্রেড-২০) | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা", ২০০৮ অনুযায়ী। | | |
| ৫১। | শিয়ারিং এ্যাটেনডেন্ট (গ্রেড-২০) | বিধি-৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ৫২। | বুচার (গ্রেড-২০) | বিধি-৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ৫৩। | ডিম পরীক্ষক (গ্রেড-২০) | বিধি-৭(১) প্রযোজ্য হইবে। | | |
| ৫৪। | নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০) | অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত "আউট সোর্সিং (Out Sourcing)" এর মাধ্যমে "সেবা গ্রহণ নীতিমালা", ২০০৮ অনুযায়ী। | | |

**তপশিল-২**

**[বিধি ২(গ) দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | মোট নম্বর | পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| (ক) লিখিত পরীক্ষার বিষয় | | ৯০ | ৫০% | ৯০ মিনিট |
| ১ | বাংলা | ২৫ | | |
| ২ | ইংরেজি | ২৫ | | |
| ৩ | গণিত/পদ সংশ্লিষ্ট বিষয় | ২০ | | |
| ৪ | সাধারণ জ্ঞান | ২০ | | |
| (খ) মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট | | ১০০ | | |

**ব্যাখ্যা।**—লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষা ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

**তপশিল-২[ক]**

**[বিধি ২(গ) দ্রষ্টব্য]**

সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর এবং সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে সরাসরি নিয়োগের প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি :—

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | বিষয় ভিত্তিক নম্বর | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|
| (ক) | ১. লিখিত পরীক্ষার বিষয় | | | | |
| | বাংলা | ৩০ | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| | ইংরেজি | ৩০ | | | |
| | গণিত | ২০ | | | |
| | সাধারণ জ্ঞান | ২০ | | | |
| (খ) | ২. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট নম্বর | | | ১১০ | | |

**ব্যাখ্যা।**—লিখিত পরীক্ষা এবং তপশিল-৪ এ বর্ণিত সাঁটলিপি/কম্পিউটার মুদ্রাক্ষর টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

## তপশিল-২ [খ]

### [বিধি ২(গ) দ্রষ্টব্য]

অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগের প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি :—

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | বিষয় ভিত্তিক নম্বর | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|
| (ক) | ১. লিখিত পরীক্ষার বিষয় | | | | |
| | বাংলা | ৩০ | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| | ইংরেজি | ৩০ | | | |
| | গণিত | ২০ | | | |
| | সাধারণ জ্ঞান | ২০ | | | |
| (খ) | ২. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | সর্বমোট নম্বর | | ১১০ | | |

**ব্যাখ্যা।**—লিখিত পরীক্ষা এবং তপশিল-৪ এ বর্ণিত কম্পিউটার মুদ্রাক্ষর টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

## তপশিল-৩

### [বিধি ২(গ) দ্রষ্টব্য]

ড্রাইভার পদে সরাসরি নিয়োগের প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি :—

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | বিষয় ভিত্তিক নম্বর | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|
| (ক) | ১. লিখিত পরীক্ষার বিষয় | | | | |
| | বাংলা | ১৫ | ৪০ | ৫০% | ৬০ মিনিট |
| | ইংরেজি | ১০ | | | |
| | গণিত/পদ সংশ্লিষ্ট বিষয় | ১৫ | | | |
| (খ) | ২. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | সর্বমোট নম্বর | | ৫০ | | |

**ব্যাখ্যা।**—লিখিত পরীক্ষা এবং বিআরটিএ কর্তৃক মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে গৃহীত ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।

## তপশিল-৪

### [বিধি ২(গ) দ্রষ্টব্য]

সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর বা সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর বা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগের প্রার্থীদের সাঁটলিপি/কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর, ইত্যাদি :—

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ের সর্বনিম্ন পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|
| সাঁটলিপি | | | | | | | |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | ৭০ শব্দ | ৪৫ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| কম্পিউটার মুদ্রাক্ষর | | | | | | | |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা।**—১. সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে।

২. ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

৩. বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

৪. সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নাসিরুজ্জামান**
ভারপ্রাপ্ত সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd